বড় কলেজের স্বপ্নের জন্য ছোট্ট পদক্ষেপ

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য একটি অংশীদারিত্ব

সেভ ফর কলেজ প্রোগ্রাম (NYC Kids RISE Save for College Program) -এ স্বাগত!

প্রতিটি NYC পাবলিক স্কুল ছাত্র-ছাত্রীদের জন্য কলেজকে আরও প্রবেশযোগ্য এবং অর্জনযোগ্য করার জন্য আমরা এই স্কলারশিপ এবং সেভিংস প্রোগ্রামটি তৈরী করেছি। সেভ ফর কলেজের জন্য প্রথম পদক্ষেপটা নেওয়া সবথেকে কঠিন হতে পারে। সেভ ফর কলেজ প্রোগ্রাম এর সাথে, আমরা ইতিমধ্যেই প্রথম ধাপটি একসাথে নিয়েছি।

☑ আপনার সন্তানকে সেভ ফর কলেজ প্রোগ্রামে নথিভুক্ত করুন

NYC Kids RISE (NYC কিডস্ রাইজ) স্বয়ংক্রিয়ভাবে আপনার সন্তানকে প্রোগ্রামটিতে নথিভুক্ত করেছে। আমরা তাদের জন্য একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট খুলেছি এবং আপনার সন্তানের ভবিষ্যৎ শিক্ষার জন্য প্রথমে তাতে 100$ জমা করেছি। এই অ্যাকাউন্টি 529 প্ল্যানে বিনিয়োগ করে, এক ধরনের বিনিয়োগ অ্যাকাউন্ট যা কলেজ এবং কেরিয়ার প্রশিক্ষণের জন্য পরিবারগুলিকে সাহায্য করতে বিশেষভাবে তৈরি করা হয়েছে। এই অ্যাকাউন্টের অর্থ অর্থটি নিউ ইয়র্ক এবং সারা দেশের দ্বি-বার্ষিক কলেজ, চার-বার্ষিক কলেজ, এবং অন্যান্য কেরিয়ার প্রশিক্ষণ প্রোগ্রামগুলিতে ব্যবহার করা যেতে পারে। আপনার সন্তানের NYC স্কলারশিপ সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য nyckidsrise.org অ্যাকাউন্ট দেখুন।

স্কুল শিক্ষাবর্ষ শেষ হবার আগে আপনার অতিরিক্ত 75$ অর্থ পাবার সুযোগ নষ্ট করবেন না।

পরবর্তী ধাপ কি? 3 বিল্ডিং ব্লকস্

শুরু হচ্ছে আজই, আপনার সন্তানের কিন্ডারগার্টেন সম্পূর্ণ করার আগে আপনি NYC Kids RISE সাথে আরো তিনটে ধাপ নিতে পারেন। এগুলি হল আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে আমাদের অংশীদারিত্বের তিনটি বিল্ডিং ব্লক। এই ধাপগুলি সম্পূর্ণ করে আপনাকে কলেজের জন্য 75$ পর্যন্ত উপার্জন করার সুযোগ দেবে।



☐ আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে অনলাইনে নিবন্ধন করুন।

☐ আপনার নিজস্ব কলেজ সেভিংস অ্যাকাউন্ট খুলে সেটিকে আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করুন।

☐ আপনার সংযুক্ত কলেজ সঞ্চয় অ্যাকাউন্টে প্রথম জমাটি করুন।

পরবর্তী ধাপে যেতে প্রস্তুত? nyckidsrise.org দেখুন এবং শুরু করতে “ভিউ মাই অ্যাকাউন্ট” -এ ক্লিক করুন।

কেমন করে 3 বিল্ডিং ব্লকস সম্পূর্ণ করতে হবে

1

আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে অনলাইনে নিবন্ধন করুন।

» নিবন্ধন প্রক্রিয়া শুরু করতে nyckidsrise.org -এ গিয়ে "ভিউ মাই অ্যাকাউন্ট" -এ ক্লিক করুন।

» যদি আপনি জুন 2018 ,26 এর আগে এই ধাপটি সম্পূর্ণ করেন, আপনার শিশুর অ্যাকাউন্ট NYC Kids RISE থেকে 25$ পারিতোষিক পাবে।

» **আরো তথ্যের জন্য:**

- একটি সেভ ফর কলেজ প্রোগ্রাম কর্মশালায় যোগ দিন। আসন্ন কর্মশালার একটি সময়সূচীর জন্য, nyckidsrise.org -এ গিয়ে "পিতামাতা/অভিভাবক" বোতামের উপরে ক্লিক করুন, বা আপনার সন্তানের স্কুলে জিজ্ঞাসা করুন।
- আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্ট সম্পর্কে প্রশ্ন করতে এবং নিবন্ধনে সহায়তা পেতে NYC Kids RISE (NYC কিডস্ রাইজ) -এ -833KID-RISE নম্বরে ফোন করুন (7473-543-833)।

2

আপনার নিজস্ব কলেজ সেভিংস অ্যাকাউন্ট খুলে সেটিকে আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করুন।

» কলেজের জন্য সঞ্চয় করতে অনেক উপায় রয়েছে। কলেজ সেভিংসের বিকল্পগুলি অন্বেষণ করতে এবং আপনার পরিবারের জন্য অর্থবহ হয় এমন একটা অ্যাকাউন্ট বাছতে [nyckidsrise.org/options] -এ যান।

» যদি আপনি জুন 26, 2018 এর আগে একটি কলেজ সেভিংস অ্যাকাউন্টের সাথে আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্ট সংযুক্ত করে এই ধাপটি সম্পূর্ণ করেন, তাহলে NYC Kids RISE (NYC কিডস্ রাইজ) আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টে অপর একটি $25 জমা করবে।

» **আরো তথ্যের জন্য:**

- একটি সেভ ফর কলেজ প্রোগ্রাম কর্মশালায় যোগ দিন। আসন্ন কর্মশালার একটি সময়সূচীর জন্য, nyckidsrise.org -এ গিয়ে "পিতামাতা/অভিভাবক" বোতামের উপরে ক্লিক করুন, বা আপনার সন্তানের স্কুলে জিজ্ঞাসা করুন।
- বিনিয়োগ এবং ব্যাঙ্কিং বিশেষজ্ঞদের রেফারেলগুলির জন্য NYC কিডস্ রাইস -এ -833KID-RISE নম্বরে ফোন করুন (-543-833 7473)।
- আপনার অ্যাকাউন্ট বিকল্পগুলি বুঝতে এবং সঞ্চয় শুরু করাতে সাহায্য করতে বিনামূল্য, গোপনীয়, এক-একজন করে আর্থিক পরামর্শদানের জন্য একটি NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র -এ যান। অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/dca দেখুন।

3

আপনার সংযুক্ত কলেজ সঞ্চয় অ্যাকাউন্টে প্রথম জমাটি করুন।

» ক্ষুদ্র পদক্ষেপ যোগ করা। আপনি এখন সঞ্চয় শুরু করতে এবং সঞ্চয় অবিরত রাখতে একটি পরিকল্পনা করতে ব্যবহার করতে পারেন এমন সরঞ্জামগুলির জন্য nyckidsrise.org/start-saving দেখুন।

» যদি আপনি জুন 26, 2018 এর আগে সংযুক্ত কলেজ সেভিংস অ্যাকাউন্টে কমপক্ষে $5 জমা করেন, তাহলে NYC Kids RISE (NYC কিডস্ রাইজ) আপনার সন্তা-নের স্কলারশিপ অ্যাকাউন্টে অপর $25 জমা করবে।

» **আরো তথ্যের জন্য:**

- সঞ্চয়ের পরিকল্পনা করতে এবং তাতে অবিচল রাখেতে আপনাকে সাহায্য করতে বিনামূল্য, গোপনীয়, এক-একজন করে আর্থিক পরামর্শদানের জন্য একটি NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র -এ যান। অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/dca দেখুন।
- একটি সেভ ফর কলেজ প্রোগ্রাম কর্মশালায় যোগ দিন। আসন্ন কর্মশালার একটি সময়সূচীর জন্য, nyckidsrise.org -এ গিয়ে "পিতামাতা/অভিভাবক" বোতামের উপরে ক্লিক করুন, বা আপনার সন্তানের স্কুলে জিজ্ঞাসা করুন।

কলেজ নাউ এর জন্য কেন সঞ্চয় শুরু করবেন?

সময় আপনার দিকে: যখন আপনার সন্তান কিশোর থাকে তখন কলেজের জন্য সঞ্চয় শুরু করলে সময়ে আপনার কিন্ডারগার্টেন কলেজের জন্য বড় পার্থক্য গড়ে দিতে পারে।

এটি আপনার সন্তানকে সফলতার দিকে এগিয়ে নিয়ে যায়: গবেষণা দেখা গেছে যে 1$ থেকে 500$ এর মধ্যে একটি সেভিংস অ্যাকাউন্ট শিশুদের কলেজে ভর্তির সম্ভাবনাকে তিনগুণ বৃদ্ধি করে। এছাড়াও এটা স্নাতক হওয়ার সম্ভাবনাকে চারগুণ বৃদ্ধি করে।

উচ্চ শিক্ষা বেশি খরচ সাপেক্ষ: কলেজ এবং বিশেষ প্রশিক্ষণ প্রোগ্রাম প্রায়শই বেশি খরচ সাপেক্ষ।

এখন আরো বেশি সঞ্চয়ের অর্থ পরে শিক্ষার্থী ঋণ কম হওয়া: ঋণগুলি অনেকগুলি কলেজ আর্থিক সহায়তা প্যাকেজগুলির অংশ এবং পরিশোধে দীর্ঘ সময় নিতে পারে।

কলেজ প্রতিদান: যেসকল শিক্ষার্থী কলেজ থেকে স্নাতক হয় তারা সারা জীবন অনেক উচ্চ বেতন উপার্জন করে থাকে। তাদের বেকার হওয়ার সম্ভাবনা কম।

আপনার সন্তানের জন্য বিনিয়োগ—কলেজের জন্য সঞ্চয়

কেমন করে তা জানুন nyckidsrise.org

833-KID-RISE (833-543-7473)

NYC Kids RISE (NYC কিডস্ রাইজ) সেভ ফর কলেজ প্রোগ্রাম হল একটি স্কলারশিপ এবং সঞ্চয় কর্মসূচিটি সকল NYC পাবলিক স্কুল ছাত্র-ছাত্রীদের জন্য কলেজকে আরও প্রবেশযোগ্য এবং অর্জনযোগ্য করার জন্য তৈরী করা হয়েছে-তাদের পরিবারের আয় বা অভিবাসন অবস্থা নির্বিশেষে। NYC Kids RISE (NYC কিডস্ রাইজ), একটি অলাভজনক প্রতিষ্ঠান, যা NYC শিক্ষা বিভাগ এবং নিউ ইয়র্ক সিটির সাথে যৌথভাবে সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিচালনা করে।

1234 March 2018

NYC KiDS RiSE™

NYC Office of the Mayor | Department of Education

GRAY FOUNDATION

উপাদানগুলি আংশিকভাবে সিটি কমিউনিটি ডেভেলপমেন্টের সাহায্যের মাধ্যমে সম্ভব হয়েছে